গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# অধ্যক্ষের কার্যালয়

সরকারি বি এল কলেজ, খুলনা

দূরালাপনী ঃ অফিস ৭৬২৯৪৪
ফ্যাক্স নং ঃ ০৪১-২৮৫০৩৪০

## ২০১৬ সালের ২য় বর্ষ অনার্স (বিশেষ) পরীক্ষা অনিয়মিত, ইংরেজি (আবশ্যিক) ও গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের পরীক্ষার আবেদন ফরম পূরণের বিজ্ঞপ্তি

আবেদনকারীকে (নিজে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.nubd.info/202 এ প্রবেশ করে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে আবেদন ফরম পূরণ করতে হবে। আবেদন ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয় কোড ও বিশ্ববিদ্যালয়ের প্রদত্ত ফি উল্লেখ থাকবে (কলেজের ফি বাদে)। ফিসহ প্রিন্টকৃত কপি আবেদনকারীকে কলেজের নির্ধারিত কাউন্টারে জমা দিতে হবে।

**পরীক্ষার আবেদন ফরম পূরণের পূর্বে অনিয়মিত ছাত্র-ছাত্রীকে অবশ্যই ইনকোর্স পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ইনকোর্স পরীক্ষা ব্যতিত কোন আবেদন ফরমে সুপারিশ না করতে বিভাগীয় প্রধানগণকে অনুরোধ করা হল।**

| জমাদানের তারিখ | পরীক্ষার্থীর প্রকার | বিষয়ের নাম | জমাদানের সময় |
|---|---|---|---|
| ২১.০৮.২০১৭ | অনিয়মিত/ইংরেজি আবশ্যিক ও গ্রেড উন্নয়ন | বাংলা, ইংরেজি, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি,পদার্থ, রসায়ন | সকাল ৯টা হতে দুপুর ১টা পর্যন্ত মধ্যাহ্ন বিরতি ১ঃ৩০ হতে ২ঃ৩০ পর্যন্ত |
| ২২.০৮.২০১৭ | অনিয়মিত/ইংরেজি আবশ্যিক ও গ্রেড উন্নয়ন | ইতিহাস, ইসঃ ইতিহাস, দর্শন, হিসাববিজ্ঞান, উদ্ভিদ, প্রাণি | সকাল ৯টা হতে দুপুর ১টা পর্যন্ত মধ্যাহ্ন বিরতি ১ঃ৩০ হতে ২ঃ৩০ পর্যন্ত |
| ২৩.০৮.২০১৭ | অনিয়মিত/ইংরেজি আবশ্যিক ও গ্রেড উন্নয়ন | সমাজবিজ্ঞান, ব্যবস্থাপনা, মার্কেটি, ফিন্যান্স ও গণিত | সকাল ৯টা হতে দুপুর ১টা পর্যন্ত মধ্যাহ্ন বিরতি ১ঃ৩০ হতে ২ঃ৩০ পর্যন্ত |
| **বিঃ দ্রঃ নির্ধারিত সময়ের পরে জরিমানার মাধ্যমে ফরম পূরণের সুযোগ থাকবে না।** | | | |

**অনলাইন আবেদন ফরমের টাকা বাদে কলেজের প্রাপ্য (শুধুমাত্র অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য যারা আদৌ আবেদন ফরম পূরণ করেনি)ঃ**
বাংলা, অর্থনীতি, ইতিহাস, ইসলামের ইতিহাস = ২৪৩০/-, ইংরেজি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, দর্শন, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, মার্কেটিং, ফিন্যান্স = ২৩৮০/- পদার্থ, প্রাণি= ২৬৩০/-, রসায়ন = ২৬৪০/-, উদ্ভিদ= ২৬৭০/-, গণিত = ২৬৮০/-

অকৃতকার্য, ইংরেজি আবশ্যিক ও গ্রেড উন্নয়ন ফিস= (কলেজের প্রাপ্য অনলাইন ফিস ব্যতিত) ৫০০/-।

বিঃ দ্রঃ বিজ্ঞান বিষয়ের ব্যবহারিক পরীক্ষায় অকৃতকার্য পরীক্ষার্থীদের ব্যবহারিক থাকলে ফিস সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

১। আবেদন ফরম পূরণের যোগ্যতা ঃ

- ২০০৯-২০১০ ও ২০১০-২০১১, ২০১১-২০১২ এবং ২০১২-২০১৩ সালের ২য় বর্ষ অনার্স পরীক্ষায় যেসব পরীক্ষার্থী এক বা একাধিক কোর্সে F গ্রেড ও Absent আছে সে সকল পরীক্ষার্থী এ পরীক্ষায় শুধুমাত্র F গ্রেড ও Absent কোর্সে অংশগ্রহণ করতে পারবে। তবে উল্লেখ থাকে যে এ সব পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন মেয়াদ শেষ হওয়ার পর তারা যে বর্ষেই থাকুক পরীক্ষায় অংশগ্রহণের (২য়, ৩য় ও ৪র্থ বর্ষের পরীক্ষায় অংশগ্রহণের) কোন সুযোগ আর পাবে না। ২০১৫ সালের ২য় বর্ষ অনার্স (বিশেষ) পরীক্ষায় অংশগ্রহণ করে যে সকল শিক্ষার্থী ৩য় বর্ষে উত্তীর্ণ হয়েছে তারা যে সব কোর্সে C বা D গ্রেড পেয়েছে শুধুমাত্র সে সকল কোর্সে ২০১৬ সালের ২য় বর্ষ অনার্স (বিশেষ) পরীক্ষায় সর্বোচ্চ ২টি কোর্স মানোন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। উল্লেখ্য মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ না করলে এ পরীক্ষার্থী উল্লিখিত কোর্সে পরবর্তী বছরে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণের আর কোন সুযোগ পাবে না। যে সকল পরীক্ষার্থী ২০১৫ সালের ২য় বর্ষ অনার্স (বিশেষ) পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে F গ্রেড পেয়েছে তারা ২০১৬ সালের ২য় বর্ষ অনার্স (বিশেষ) পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে। উল্লেখ্য, মানোন্নয়ন ও গ্রেড উন্নয়ন পরীক্ষা একই সঙ্গে দেয়া যাবে। সংশোধিত পরীক্ষার রেগুলেশন অনুযায়ী ১ম ও ২য় বর্ষের সকল কোর্সে উত্তীর্ণ না হলে (D বা এর বেশি না পেলে) ঐ শিক্ষার্থী ৪র্থ বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। F গ্রেড প্রাপ্ত কোর্সে অংশগ্রহণ করে D বা উচ্চতর গ্রেড না পেলে পরীক্ষার্থী চূড়ান্ত পরীক্ষা শেষে অনার্স ডিগ্রী প্রাপ্য হবে না। পরবর্তীতে আর কোন বিশেষ পরীক্ষা নেওয়া হবে না।
- ২০১১-২০১২ ও ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের অনার্স ২য় বর্ষের যে সকল শিক্ষার্থী পরপর দুই বার পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা ২০১১-২০১২ শিক্ষাবর্ষের ১ম বর্ষ পরীক্ষা ২০১২ সালে না দিয়ে ২০১৩ সালে উত্তীর্ণ হয় বা ২০১৫ সালের ২য় বর্ষ অনার্স (বিশেষ) পরীক্ষায় অংশগ্রহণ করে Not Promoted হয়েছে তারা ২০১৬ সালের ২য় বর্ষ (বিশেষ) পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। ২০১৫ সালের ২য় বর্ষ অনার্স (বিশেষ) পরীক্ষায় C Promoted প্রাপ্ত পরীক্ষার্থীদের অনুপস্থিত একটি পত্রে ২০১৬ সালের বিশেষ পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে।
- কেবলমাত্র ২০১৫ সালের ২য় বর্ষ অনার্স (বিশেষ) ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অনুপস্থিত/ অকৃতকার্য কোর্সে ২০১৬ সালের বিশেষ পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যতামূলক। ২০১৫ সালের ২য় বর্ষ অনার্স (বিশেষ) ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের পুনরায় ঐ কোর্সের পরীক্ষায় মানোন্নয়নের কোন সুযোগ নেই।
- ইংরেজি আবশ্যিক (কোড ৯৯৯৯) কোর্সে অকৃতকার্য ২০০৯-২০১০, ২০১০-২০১১, ২০১১-২০১২ এবং ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা ২০১৬ সালের ২য় বর্ষ অনার্স (বিশেষ) পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে।

২। পাঠ্যসূচীঃ সকল বিষয়ের পরীক্ষা ৪বছর মেয়াদী অনার্স কোর্সে পাঠ্যসূচী ও সংশোধিত রেগুলেশন ২০০৯-২০১০ শিক্ষাবর্ষ থেকে কার্যকর সিলেবাস অনুযায়ী পরীক্ষা অনুষ্ঠিত হবে।

৩। বিভাগীয় প্রধানগণকে জানাচ্ছি যে, পরীক্ষার্থীদের ডাটা বিশ্ববিদালয়ের ওয়েব সাইটে সরাসরি অনলাইনে সঠিক এন্ট্রি করা হয়েছে কিনা তা সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা Probable List এর সাথে যাচাইপূর্বক যথাযথ নিশ্চিত হয়ে জমাকৃত আবেদনগুলিকে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে www.nubd.info/202 হতে College Login এ প্রবেশ করে নিশ্চয়ন করে করে বিভাগীয় প্রধান অতঃপর অধ্যক্ষ স্বাক্ষর করবেন। ডাটা এন্ট্রির করার জন্য কলেজ অফিস থেকে ২৪.০৮.২০১৭ তারিখের জমাকৃত আবেদন ফরম গ্রহণ করে ডাটা এন্ট্রি করে তার ০১ কপি প্রিন্টকপি এবং জমাকৃত আবেদন ফরম আগামী ২৭.০৮.২০১৭ তারিখ বিকেল ৪ ঘটিকার মধ্যে কলেজ অফিসে জমা দিতে হবে। ডাটা এন্ট্রির শেষ তারিখ ২৬.০৮.২০১৭ খ্রি.।

বিঃ দ্রঃ নিশ্চয়নের ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতা অবলম্বনের জন্য বিভাগীয় প্রধানগণকে অনুরোধ করা হল। ফরম পূরণ করা কোন পরীক্ষার্থীর নিশ্চয়ন যেন বাদ না যায় এবং একজনের পরিবর্তে অন্য জনকে নিশ্চয়ন না করা হয় তা নিশ্চিত করতে হবে। নিশ্চয়নের পর ফরম পূরণ সংক্রান্ত কোন অভিযোগ গ্রহণ করা হবে না।

৪। <u>অনলাইনে আবেদন ফরম পূরণের পর করণীয় ঃ</u>

ক) স্ব স্ব বিভাগের Probable List দেখে প্রত্যেক শিক্ষার্থীর অনলাইন আবেদন ফরমে বিভাগীয় প্রধানের স্বাক্ষর করে নিতে হবে। আবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশপত্র ও অনলাইন ফলাফল সিটের ফটোকপি করে জমা দিতে হবে।

খ) প্রত্যেক পরীক্ষার্থীকে সদ্য তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি ১ কপি অনলাইনে প্রাপ্ত আবেদন ফরমের নির্ধারিত স্থানে এবং ১ কপি ছবি স্ব স্ব বিভাগে আবেদন ফরমের ফটোকপির সাথে জমা দিতে হবে।

গ) অকৃতকার্য পরীক্ষার্থীদের মূল প্রবেশপত্র এবং গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের অনলাইন ফলাফল সীট আবেদন ফরমের সাথে জমা দিতে হবে।

**আবেদন ফরম জমাদানের সময়ঃ সকাল ৯:০০ টা হতে দুপুর ১:০০টা পর্যন্ত।**
**মধ্যাহ্ন বিরতি ঃ দুপুর ১ঃ৩০ হতে ২ঃ৩০ পর্যন্ত।**
**এই বিজ্ঞপ্তিটি কলেজের ওয়েব সাইট www.blcollege.edu.bd এ পাওয়া যাবে।**

৩/৮/১৭

(প্রফেসর সৈয়দ সাদিক জাহিদুল ইসলাম)
অধ্যক্ষ
সরকারি বি এল কলেজ, খুলনা